


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mora.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৪.১৭- ৩৯৭

তারিখ: ২৫ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
০৯ মার্চ, ২০১৭ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

এই মর্মে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭ খ্রি. সনের হজ মৌসুমে হজে গমনের জন্য বেসরকারি এজেন্সীর অধীনে প্রাক্-নিবন্ধন করেছেন কিন্তু এক্ষেত্রে উক্ত এজেন্সীর অধীনে হজে যেতে ইচ্ছুক নন; সে সকল প্রাক্-নিবন্ধিত ব্যক্তি তাদের প্রাক্-নিবন্ধন বাতিল করে সরকারি ব্যবস্থাপনায় প্রাক্-নিবন্ধন করতে পারবেন অথবা অন্য এজেন্সীতে স্থানান্তর করতে পারবেন। এক্ষেত্রে যথাক্রমে বাতিল অথবা স্থানান্তরের কারণ উল্লেখপূর্বক আগামী ১৪/০৩/২০১৭ খ্রি. তারিখের মধ্যে পরিচালক, হজ অফিস, ঢাকা বরাবরে আবেদন করতে হবে। পরিচালক, হজ অফিস, ঢাকা প্রাক্-নিবন্ধিত আবেদনকারী ব্যক্তি এবং সংশ্লিষ্ট হজ এজেন্সীর মালিক/অংশীদার উভয়কে শুনানীক্রমে সুপারিশসহ তালিকা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করবে। প্রস্তুতকৃত তালিকায় বর্ণিত সুপারিশ মোতাবেক মন্ত্রণালয় তা অনুমোদন করবে। সে মোতাবেক সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মো: আবুল হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪৩২২
ফ্যাক্স: ৯৫১২২৮৬
e-mail: morahajsection@gmail.com

বিতরণ:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা (বিজ্ঞপ্তির নির্দেশনানুযায়ী কার্যক্রম গ্রহণ করার অনুরোধসহ)।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. -----ব্যাংক লিমিটেড (২০১৬ ও ২০১৭ সনে সরকার অনুমোদিত ব্যাংকসমূহ)।
৬. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা।
৭. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অফিস কপি।